

তারিখ: 20/04/2016

আরবিআই অন্তরীণ 'L' বর্ণ বিশিষ্ট ₹ 100 টাকা অর্থমূল্যের ব্যাংক নোট চালু করবে

ভারতীয় রিজার্ভ ব্যাংক শীঘ্রই অন্তরীণ 'L' বর্ণ বিশিষ্ট তিনটি অতিরিক্ত/ সংশোধিত বৈশিষ্ট্য সহ ভারতীয় রিজার্ভ ব্যাংকের গভর্নর ড. রঘুরাম জি. রাজনের সইযুক্ত এবং নোটের বিপরীত পৃষ্ঠে মুদ্রণ বর্ষ 2016 মুদ্রিত আছে এমন মহাত্মা গান্ধী সিরিজ -2015-এর ₹ 100 টাকা অর্থমূল্যের ব্যাংক নোট চালু করবে।

এখন চালু হতে চলা এই ব্যাংক নোটগুলির নকশা আগে চালু হওয়া মহাত্মা গান্ধী সিরিজ -2015-এর ₹ 100 টাকা অর্থমূল্যের ব্যাংক নোটগুলির সঙ্গে সর্বতোভাবে একই থাকবে। যদিও এই নোটগুলিতে থাকবে সাংখ্য সারণীতে ক্রমোচ্চ আকৃতির সংখ্যা, ব্লিড লাইন, এবং নোটের সামনের দিক বর্ধিত আকৃতির সনাক্তকারী চিহ্ন। এই ধরনের ₹ 100 টাকার ব্যাংকনোট তিনটি বৈশিষ্ট্যসহ (যদিও অন্য অন্তরীণ বর্ণবিশিষ্ট) আগেই জারি করা হয়েছে।

ব্লিড লাইন, এবং বর্ধিত আকৃতির সনাক্তকারী চিহ্ন ব্যতীত, কিন্তু সাংখ্য সারণীতে ক্রমোচ্চ আকৃতির সংখ্যা বিশিষ্ট ₹ 100 টাকা অর্থমূল্যের ব্যাংক নোট ভারতীয় রিজার্ভ ব্যাংক আগেও চালু করেছে। এই ব্যাংকনোটগুলি এখন চালু হওয়া ব্যাংক নোটের সঙ্গে একইসাথে প্রচলিত থাকবে।

ব্যাংক দ্বারা অতীতে চালু করা ₹ 100 টাকা অর্থমূল্যের সমস্ত ব্যাংক নোটের আইনগত পেশযোগ্যতা বজায় থাকবে।

প্রেস প্রকাশনী : 2015-2016/2454

অজিত প্রসাদ
সহকারি উপদেষ্টা (অ্যাসিস্টেন্ট অ্যাডভাইসার)